

আহবায়ক, ডিন কাউন্সিল
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১০০, বাংলাদেশ।
ফোন : + ৮৮ ০৮২১-৭৬০১৩৮
ই-মেইল: reem98k@yahoo.com
deanagrisau.sylhet@gmail.com



Convener, Dean Council
Sylhet Agricultural University
Sylhet-3100, Bangladesh.
Phone : + 88 0821-760138
E-mail : reem98k@yahoo.com
deanagrisau.sylhet@gmail.com

স্মারক নং-সিকুবি/ডিন কা.কার্যা./ভর্তি পরীক্ষা-৬৫/১০/৫৪৯

তারিখ: ০৫/১২/২০১৮

লেভেল-১ সেমিস্টার-১ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯ এর
অপেক্ষমান তালিকা হতে ভর্তি বিজ্ঞপ্তি

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় লেভেল-১ সেমিস্টার-১ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯ এর মেধাতালিকা হতে শিক্ষার্থী ভর্তির পর সাধারণ আসনে ৮৮ টি, মুক্তিযোদ্ধা কোটায় ০৫ টি, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি কোটায় ০৩ টি এবং অন্যান্য জেলার উপজাতি কোটায় ০১ টিসহ সর্বমোট ৯৭ টি আসন শূন্য রয়েছে। শূন্য আসনগুলোতে অপেক্ষমান তালিকা হতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

অনুষদভিত্তিক শূন্য আসনের তালিকা:

| অনুষদ | সাধারণ আসন (G) | মুক্তিযোদ্ধা কোটা (FF) | পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি কোটা (TC) | অন্যান্য জেলার উপজাতি কোটা (TOC) | সর্বমোট |
|---|----------------------|------------------------------|--|--|---------|
| কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা | ৪৫ | ০৩ | ০১ | ০১ | ৫০ |
| কৃষি প্রকৌশল ও কারিগরি | ৪৩ | ০২ | ০১ | ০ | ৪৬ |
| বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | ০ | ০ | ০১ | ০ | ০১ |


ভর্তির জন্য প্রতিটি শূন্য আসনের বিপরীতে দ্বিগুণহারে অপেক্ষমান মেধা তালিকা হতে ডাকা হবে। অপেক্ষমান মেধা তালিকার মেধাক্রম ০১ হতে ১৭৯ পর্যন্ত সাধারণ আসনে, ০১ হতে ১০ পর্যন্ত মুক্তিযোদ্ধা কোটায়, ০১ হতে ০৬ পর্যন্ত পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি কোটায় এবং ০১ হতে ০২ পর্যন্ত অন্যান্য জেলার উপজাতি কোটায় স্থান প্রাপ্তদের আগামী ০৯-১২-২০১৮ তারিখ রবিবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে রিপোর্ট করতে হবে। এদিন দুপুর ২:০০ ঘটিকা হতে মেধাক্রম ও অনুষদ পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির কার্যক্রম শুরু হবে।

ভর্তির সময় সে সব প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে সেগুলো হলো:

- শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট।
- শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার মূল গ্রেড সীট।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
- সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ও স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি ছবি।
- জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি।
- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- সংরক্ষিত আসনে ভর্তি হতে ইচ্ছুক উপজাতি/অ-উপজাতি প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট জেলার বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি।
- মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র।
- মুক্তিযোদ্ধা কোটায় পরীক্ষার্থীগণ মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র।
- প্রত্যয়নপত্র জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

ভর্তির জন্য প্রত্যেক শিক্ষার্থীকে জামানতের টা. ৫৫০০.০০ (পাঁচ হাজার পাঁচশত) সহ মোট টা. ১৫,৮০০.০০ (পনের হাজার আটশত) এবং হলে ভর্তির জন্য জামানতের টা. ৫০০.০০ (পাঁচশত) সহ মোট টা. ২৫০০.০০ (দুই হাজার পাঁচশত) জামা দিতে হবে। অর্থাৎ সর্বসাকুল্যে ১৮,৩০০/- (আঠার হাজার তিনশত) টাকা জমা প্রদান করতে হবে।

ধন্যবাদান্তে,



প্রফেসর ড. মোঃ আবুল কাশেম

আহবায়ক

ভর্তি পরীক্ষা কমিটি-২০১৯

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।